

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
লেজিসলেটিভ সাপোর্ট উইং
আইন প্রণয়ন শাখা-১
www.parliament.gov.bd

রবিবার ১৩ বৈশাখ ১৪৩৩ মোতাবেক ২৬ এপ্রিল ২০২৬
বিকাল ৩:০০ ঘটিকায় অনুষ্ঠিত সংসদের বৈঠকের জন্য

দিনের কার্যসূচি

প্রশ্ন

প্রশ্ন জিজ্ঞাসা এবং উত্তর
(সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সেতু বিভাগ, রেলপথ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর আওতায় প্রাপ্ত নোটিশসমূহ নিম্নলিখিত।

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর
গৃহীত নোটিশসমূহের উপর আলোচনা

১। জনাব কলিম উদ্দিন আহমেদ (সুনামগঞ্জ-৫), মাননীয় সদস্য কর্তৃক আনীত “সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ-দোয়ারা বাজার উপজেলা সড়কে বন্যায় বিধ্বস্ত হওয়া দুইটি ব্রিজ নির্মাণ” প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

২। জনাব মোঃ কামরুজ্জামান (মুন্সীগঞ্জ-৩), মাননীয় সদস্য কর্তৃক আনীত “মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলার ধলেশ্বরী নদীতে কল-কারখানার দূষিত গ্যাস ও বায়ু নিগর্মন প্রতিরোধ” প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

৩। জনাব শাহজাহান চৌধুরী (চট্টগ্রাম-১৫), মাননীয় সদস্য কর্তৃক আনীত “বাংলাদেশে রোহিঙ্গা শরণার্থী জনগোষ্ঠীকে তাদের নিজ দেশে প্রেরণ” প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় পররাষ্ট্র মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাব

মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাবের উপর আলোচনা।

ঢাকা,
১০ বৈশাখ ১৪৩৩
২৩ এপ্রিল ২০২৬

ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।